

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৪ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moi.gov.bd](http://www.moi.gov.bd)

নং- ১৫.০০.০০০০.০১৮.২৯.০০১.১৫-৩৯১

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৩  
০৫ সেপ্টেম্বর ২০১৬

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য)  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ আগামী ১৭-১৯ সেপ্টেম্বর ২০১৬খ্রি: তারিখ পর্যন্ত কোরিয়ার রাজধানী সিউলে অনুষ্ঠিতব্য **World Alliance of Religious Peace Summit -এ অংশগ্রহণের ভ্রমণাদেশ।**

নির্দেশিত হয়ে আগামী ১৭-১৯ সেপ্টেম্বর ২০১৬খ্রি: তারিখ পর্যন্ত কোরিয়ার রাজধানী সিউলে অনুষ্ঠিতব্য **World Alliance of Religious Peace Summit-এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ টেলিভিশনের নির্বাহী প্রযোজক (বার্তা) জনাব মোঃ জাহিদুল ইসলাম এর অনুকূলে (ভ্রমণ সময় ব্যতীত) সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।**

২। ভ্রমণের শর্তাবলি নিম্নরূপ :

- (ক) এ ভ্রমণের সময়ে তিনি কর্তব্যরত রয়েছেন এবং সরকারি ভ্রমণ বলে গণ্য হবে।
- (খ) তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। বেতন-ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- (গ) আলোচ্য প্রোগ্রামে অংশগ্রহণের যাবতীয় ব্যয়-ভার আয়োজক সংস্থা বহন করবে। এতে বাংলাদেশ সরকার বা বাংলাদেশ টেলিভিশনের কোন আর্থিক সংশ্লেষ নেই।
- (ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে ৭ (সাত) দিনের মধ্যে যথাযথভাবে অংশগ্রহণের বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (চ) বিদেশ হতে প্রত্যাবর্তনের পর লব্ধ অভিজ্ঞতা সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করবেন।


স্বাঃ/-  
(কাজী মোশতাক জহির)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৬৭১০১  
[admin4@moi.gov.bd](mailto:admin4@moi.gov.bd)

নং- ১৫.০০.০০০০.০১৮.২৯.০০১.১৫-৩৯১/১(৮)

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৩  
০৫ সেপ্টেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশে কোরিয়া প্রজাতন্ত্রের দূতাবাস, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জনাব মোঃ জাহিদুল ইসলাম, নির্বাহী প্রযোজক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

  
(কাজী মোশতাক জহির)  
উপ-সচিব